

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৪৭০০.০১৭.২৭.০০১.১৫. ৪১৫

তারিখ : ৩০ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ।
১৩ এপ্রিল, ২০১৬ খ্রিঃ।


অফিস আদেশ

যেহেতু, কুষ্টিয়া জেলার খোকসা উপজেলার শিমুলিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোমিনুর রহমান এর বিরুদ্ধে (১) খোকসা জি.আর ১৫/২০১৪ যাহা পরবর্তীতে সেসন মামলা নং-৫৮১/২০১৫ হয়েছে এবং (২) এস.টি.সি-১৯৪/২০১৫ নং মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালতে উল্লিখিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর বিরুদ্ধে বিচারাধীন মামলায় অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উক্ত ইউপি চেয়ারম্যানকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।



(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৪৭০০.০১৭.২৭.০০১.১৫. ৪১৫

তারিখ : ৩০ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ।
১৩ এপ্রিল, ২০১৬ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১. জেলা প্রশাসক, কুষ্টিয়া।
০২. উপজেলা নির্বাহী অফিসার, খোকসা, কুষ্টিয়া।
০৩. জনাব মোমিনুর রহমান, চেয়ারম্যান (সাময়িকভাবে বরখাস্তকৃত), শিমুলিয়া ইউনিয়ন পরিষদ, খোকসা, কুষ্টিয়া।
০৪. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।


(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব